

একই তারিখ ও স্মারকে প্রতিষ্ঠাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
www.shariakandi.bogra.gov.bd

স্মারক নং : ০৫.৫০.১০৮১.০০০.০১.০০১.২২.১৩৬

তারিখ : ১০ ফালুন ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

জলমহাল ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত ও প্রকৃত সংস্যোজ্ঞীয়ী সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারিয়াকান্দি উপজেলার ইজারা যোগ্য (২০ একর পর্যন্ত) নিম্ন বর্ণিত বক্ষ খাস জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সারায়াত ০১ অধিশাখার ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৩১,০০,০০০০,০৫০,৬৮,০২০,০৯(অংশ-২)-৩২ নং প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩ (তিনি) বছর (১ বৈশাখ ১৪২৯ হতে ৩০ চৈত্র ১৪৩১ সন পর্যন্ত) নির্ধারিত শর্ত সাপেক্ষে অচার্যীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিবন্ধিত ও প্রকৃত সংস্যোজ্ঞীয়ী সমবায় সমিতি হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। আগামী ১০ ফালুন হতে ২৫ ফালুন পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের www.lamps.gov.bd অথবা www.jm.lamps.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূল কপি, আবেদন ফি বাবদ প্রদত্ত ৫০০/- (পাঁচ শত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সীল মোহরযুক্ত মুখ্যবন্ধ খামে ২৬ ফালুন থেকে পরবর্তী ০৩ (তিনি) কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্থানকারীর কার্যালয়ে রাখিত দরপত্র বাস্ত্র দাখিল করতে হবে।


জলমহালের নাম ও সরকারি মূল্য

ক্রমিক	জলমহালের নাম	মৌজার নাম	বিগত তিন বছরের গড় মূল্য	৫% বৃদ্ধিতে সরকারি মূল্য	মতব্য
০১.	পাটামারী বিল জলমহাল	দক্ষিণ জোড়গাছা	৫,৫০০/-	৫,৭৫/-	-
০২.	বরুরবাড়ী জলমহাল	বরুরবাড়ী	২১,০০০/-	২২,০৫০/-	-

শর্তাবলী:

- ০১। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি/গঠনত্বের কপি এবং ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও নিবন্ধন সনদসহ ফরমে উল্লিখিত অন্যান্য সকল তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। কোন মৎস্যজীবী সমিতি কার্যকরী আছে কিনা তার জন্য নিবন্ধনকারী অধিদণ্ডের প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিল হবে। কোন অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।
- ০২। বিগত ০৩ (তিনি) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে। উল্লেখ্য সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে ইজারা দেয়া হবে না।
- ০৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি/২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।
- ০৪। সমবায় অধিদণ্ডের কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই কেবল সেই সমিতি আবেদন জমা দেয়ার উপর্যুক্ত বলে বিবেচিত হবে।
- ০৫। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কিনা এবং নিবন্ধনকৃত কিনা তা উপজেলা সমবায় অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।
- ০৭। ইজারার মেয়াদ বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বল্বৎ থাকবে।
- ০৮। উপরে বর্ণিত যে কোন পর্যায়ে কোন জলমহালের অনুকূলে প্রাপ্ত কোন আবেদনপত্র সন্তোষজনক বলে গ্রহীত হলে পরবর্তী পর্যায়ে সে জলমহালের জন্য আর কোন আবেদন ফরম বিত্তিক করা হবে না। নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিত্তিক বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

- ৯। সরকারি মূল্যের ২০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্ডি, বগুড়ার অনুকূলে সরকারি তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। প্রত্যেক আবেদনকারী সমিতিকে আবেদনের সাথে আবেদনকারীর ০৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের মূল্যের সাথে সমবয় করা হবে।
- ১০। দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে প্রথম বছরের সমুদয় ইজারামূল্যসহ ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াঙ্গ হবে।
- ১১। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭(সাত) দিনের মধ্যে প্রত্যেককে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাপ্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।
- ১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১৩। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবেনা। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াঙ্গ করা হবে। ঐ ইজারা গ্রহীত সমিতি পরবর্তী ০৩ (তিনি) বছর কোন ইজারার জন্য আবেদন করতে পারবে না।
- ১৪। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতা সমিতির অনুকূলে আলাদাভাবে পত্রজারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা অফিসের নোটিশ বোর্ডে লেটকানো হবে।
- ১৫। ইজারা প্রদানে বিলম্বের জন্য ইজারার অর্থ আংশিক বা যারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না।
- ১৬। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্ডি, বগুড়া বরাবরে দাখিল করতে হবে। আবেদনপত্রের খামে জলমহালের নাম ও জ্ঞানিক সংখ্যা উল্লেখ করতে হবে।
- ১৭। মাছ ধরার ফেঁতে বিদ্যমান আইনসমূহ এবং বিভিন্ন সময় জারিকৃত সরকারি প্রজ্ঞাপন অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।
- ১৮। উর্ধ্বতন সরকারি কর্মকর্তা, জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময় জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে ইজারা গ্রহীতা বাধ্য থাকবেন।
- ১৯। বৎসরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে কার্যকর বলে গণ্য হবে।
- ২০। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ২১। ইজারা গ্রহীতা সমিতি/সংগঠন জলমহালের আয়তন হ্রাস-বৃক্ষি করতে পারবে না এবং জলাশয়ের সীমানা অক্ষুণ্ণ রাখতে হবে।
- ২২। জলমহালের পাড়সহ সীমানার ডেতরে কোন ধরনের অবকাঠামো নির্মাণ করা যাবে না।
- ২৩। মৎস্যজীবী সম্বায় সমিতি/সংগঠন এর কোন জঙ্গী সম্প্রস্তুতা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে বা জলমহাল সংক্রান্ত কোন সাটিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।
- ২৪। জলমহাল সরেজমিনে পরিদর্শনপূর্বক দরপত্র দাখিল করবেন অন্যথায় পরবর্তীতে কোন আগতি গ্রহণযোগ্য হবে না।



মোহাম্মদ রেজাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সারিয়াকান্ডি, বগুড়া।
টেলিফোন # ০২-৫৮৯৯০৯৯০২
email: unosariakandi@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৫০.১০৮১.০০০.০১.০০১.২২-১৩৬(৩৫)

তারিখ : ১০ ফেব্রুয়ারি ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

- ০১। জনাব সাহাদারা মাঝান, মানীন সংসদ সদস্য, ৩৬ বগড়া-১।
- ০২। জেলা প্রশাসক, বগড়া।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজব), বগড়া।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সারিয়াকান্দি, বগড়া।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), বগড়া।
- ০৬। মেয়ার, সারিয়াকান্দি পৌরসভা, সারিয়াকান্দি, বগড়া।
- ০৭। সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগড়া।
- ০৮। ভারপ্রাণ কর্মকর্তা, সারিয়াকান্দি থানা, বগড়া।
- ০৯। চেয়ারম্যান, ডেলাবাড়ী/হাটশেরপুর ইউনিয়ন পরিষদ, সারিয়াকান্দি, বগড়া। তাকে তার এলাকায় হাট-বাজারে ঢেল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....(সকল), ইউনিয়ন ভূমি অফিস। তাকে অত্র বিজ্ঞপ্তি তার অধীন হাট-বাজার জনবহুল স্থানে ঢেল সহরতে মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। সভাপতি/সম্পাদকমৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সারিয়াকান্দি, বগড়া।
- ১২। সম্পাদক,বগড়া। তাকে উক্ত বিজ্ঞপ্তি তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রচার অঙ্গে নিম্নোক্তরকারীর কার্যালয়ে বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড।
- ১৪। অফিস কপি।


মোহাম্মদ রেজাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার

ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সারিয়াকান্দি, বগড়া।
টেলিফোন # ০২-৫৮৯৯০৯৯০২
email: unosariakandi@mopa.gov.bd